# দুদককে ২৪ ঘণ্টার আলটিমেটাম আসিফ মাহমুদের



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

দুর্নীতি দমন কমিশনের (দুদক) আনা দুর্নীতির অভিযোগকে ভিত্তিহীন ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে দাবি করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। অভিযোগের জন্য ২৪ ঘণ্টার মধ্যে দুদককে ক্ষমা চাওয়ার আহ্বান জানিয়ে অন্যথায় আইনগত ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন তিনি।

বুধবার (২ সেপ্টেম্বর) রাতে রাজধানীর বাংলামোটরে এনসিপির কার্যালয়ে সাংবাদিকদের ব্রিফিংয়ে এসব কথা বলেন আসিফ মাহমুদ।

ব্রিফিংয়ে তিনি অভিযোগ করেন, ১৫০ জনকে পদোন্নতি দেওয়ার ঘটনায় প্রায় ২ কোটি টাকার দুর্নীতির অভিযোগ তুলেছে দুদক। অথচ বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের (পিএসসি) সুপারিশের ভিত্তিতে ১৮২টি পদোন্নতি দেওয়া হয়েছিল বলে দাবি করেন তিনি।

৩৮ জনের পদ বাতিল করে ৭৬ লাখ টাকার দুর্নীতির অভিযোগের ব্যাখ্যায় আসিফ মাহমুদ জানান, পদ বাতিলের সিদ্ধান্তটি আদালতের রায়ের ভিত্তিতেই নেওয়া হয়েছিল।

দুদকের সংবাদ সম্মেলনে সংস্থাটির মুখপাত্রের বক্তব্য নিয়েও ক্ষোভ প্রকাশ করেন এনসিপির মুখপাত্র। তিনি অভিযোগ করেন, দুদকের পক্ষ থেকে প্রকাশ করা তথ্যের কারণে তার ব্যক্তিগত ও রাজনৈতিকভাবে মানহানি হয়েছে।

এ কারণে দুদককে ২৪ ঘণ্টার সময় বেঁধে দিয়ে তিনি বলেন, এই সময়ের মধ্যে ক্ষমা না চাইলে আইনি পথে এগোবেন।

নিজের বিরুদ্ধে আনা অভিযোগের পেছনে রাজনৈতিক উদ্দেশ্য রয়েছে বলেও দাবি করেন আসিফ মাহমুদ। তিনি বলেন, আমাকে পরিকল্পিতভাবে রাজনৈতিকভাবে ফাঁসানোর চেষ্টা করা হচ্ছে।

একই সঙ্গে সরকারের প্রতি বিরোধী দল ও ভিন্নমত দমনের ক্ষেত্রে আওয়ামী লীগ সরকারের সময়কার পদ্ধতি থেকে বেরিয়ে আসার আহ্বান জানান এনসিপির মুখপাত্র।